# কোর্ট ফিস আইন
# ও
# মামলা মূল্যায়ন আইন

[সর্বশেষ সংশোধিত এবং
সর্বশেষ উচ্চ আদালতের সিদ্ধান্তসহ]



জাকির উদ্দিন আহাম্মদ
অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট

রহিম ল' বুক হাউস

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **The Court-fees Act, 1870**<br>**কোর্ট ফিস আইন, ১৮৭০** | |
| | **CHAPTER I**<br>**PRELIMINARY** | |
| 1. | Short title (সংক্ষিপ্ত শিরোনাম) | ১৪ |
| | Commencement of Act (আইনটির বিস্তৃতি) | ১৪ |
| | Extent of Act (আইনের কার্যকারিতা) | ১৪ |
| 2. | Definitions (সংজ্ঞা) | ১৪ |
| | **CHAPTER II**<br>**FEES PAYABLE IN COURTS AND IN PUBLIC OFFICES** | |
| 3. | Levy of fees in the High Court Division on their original sides (হাইকোর্ট এবং উহার আদিম এলাকায় আদায়যোগ্য ফিস) | ১৬ |
| 4. | Fees on documents filed, etc., in the High Court Division in their extraordinary jurisdiction (হাইকোর্ট বিভাগের বিশেষ এখতিয়ারে দলিল পেশ ইত্যাদির ফিস) | ১৬ |
| 5. | Procedure in case of difference as to necessity or amount of fee (ফিস এর পরিমাণ বা প্রয়োজনীয়তা সম্পর্কে মত পার্থকের ক্ষেত্রে পদ্ধতি) | ১৮ |
| 6. | Fees on documents filed, etc., in Mufassil Courts or in public offices (মফঃস্বল আদালত বা সরকারি কার্যালয়ে দাখিলকৃত দলিল ইত্যাদির উপর প্রদেয় ফি) | ২০ |
| | **CHAPTER III**<br>**COMPUTATION OF FEES (কোর্ট ফিস গণনা)** | |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| 7. | Computation of fees payable in certain suits ( কতিপয় মামলায় প্রদানযোগ্য ফিস গণনা) | ২২ |
| 8. | Fee on memorandum of appeal against order relating to compensation (ক্ষতিপূরণ সম্পর্কিত আদেশের বিরুদ্ধে আপিলের মেমোতে ফিস) | ৩৪ |
| 8A | Statement of particulars of subject-matter of suits and plaintiff's valuation thereof (মামলার বিষয়বস্তুর বৈশিষ্ট্যের বিবরণ এবং তদুপরি বাদীর মূল্যমান) | ৩৪ |
| 8B | Procedure where insufficient Court-fee is filed on plaint or memorandum of appeal (আরজি বা আপিলের মেমোতে অপর্যাপ্ত কোর্ট ফিস দাখিল করা হইলে কার্যপদ্ধতি) | ৩৪ |
| 8C | Inquiry as to valuation of suits (মামলার মূল্যমান সম্পর্কে অনুসন্ধান) | ৩৬ |
| 8D | Investigation to ascertain proper valuation (সঠিক মূল্যমান নির্ধারণের জন্য তদন্ত) | ৩৬ |
| 8E | Power of persons making inquiry under sections 8C and 8D (ধারা ৮সি এবং ৮ডি অনুসারে তদন্তকারী ব্যক্তির ক্ষমতা) | ৩৮ |
| 8F | Costs of inquiry as to valuation and refund of excess fee (মূল্যমান সম্পর্কে অনুসন্ধানের খরচ এবং অতিরিক্ত ফিস ফেরত প্রদান) | ৩৮ |
| 9, 10 | Repealed | ৪০ |
| 11. | Procedure in suits for mesne profits or accounts when amount found due exceeds amount claimed (অন্তর্বর্তী মুনাফা বা হিসাবের মোকদ্দমায় দাবীকৃত অর্থ অপেক্ষা বেশি প্রাপ্য হইলে কার্যপদ্ধতি) | ৪০ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| 12. | Decision of questions as to valuation (মূল্যমান সম্পর্কিত প্রশ্নের সিদ্ধান্ত) | ৪০ |
| 13. | Refund of fee paid on memorandum of appeal (আপিলের মেমোতে প্রদত্ত ফিস ফেরত প্রদান) | ৪২ |
| 14. | Refund of fee on application for review of judgment (রায় পুনির্বিবেচনার আবেদনে প্রদত্ত ফিস ফেরত প্রদান) | ৪৪ |
| 15. | Refund where Court reverses or modifies its former decision on ground of mistake (ভুলের কারণে আদালত যেখানে উহার পূর্বের সিদ্ধান্ত পরিবর্তন বা সংশোধন করেন, সেখানে কোর্ট ফিস ফেরত প্রদান) | ৪৪ |
| 16 | Repealed | ৪৬ |
| 17. | Multifarious suits (বহুবিধ মোকদ্দমা) | ৪৬ |
| 18. | Written examinations of complainants (অভিযোগকারীর লিখিত পরীক্ষা) | ৪৬ |
| 19 | Exemption of certain documents (কতিপয় দলিলের অব্যাহতি) | ৪৬ |
| | **CHAPTER IIIA<br>PROBATES, LETTERS OF ADMINISTRATION AND CERTIFICATES OF ADMINISTRATION** | |
| 19A | Relief where too high a court-fee has been paid (যেখানে অতি উচ্চ কোর্ট ফিস প্রদান করা হইয়াছে, সেখানে প্রতিকার) | ৫৪ |
| 19B | Relief where debts due from a deceased person have been paid out of his estate (মৃত ব্যক্তির সম্পত্তি হইতে যেখানে তাহার ঋণ পরিশোধ করা হইয়াছে সেক্ষেত্রে প্রতিকার) | ৫৪ |
| 19C | Relief in case of several grants (বিভিন্ন প্রকার মঞ্জুরির ক্ষেত্রে প্রতিকার) | ৫৬ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| 19D | Probates declared valid as to trust-property though not covered by court-fee (কোর্ট ফিস প্রদান ব্যতীত ট্রাস্ট সম্পত্তি সম্পর্কে বৈধ ঘোষিত প্রবেট) | ৫৬ |
| 19E | Provision for case where too low a court-fee has been paid on probates, etc:( প্রবেট ইত্যাদির উপর অতি নিম্ন কোর্ট ফিস প্রদানের ক্ষেত্রে বিধান) | ৫৮ |
| 19F | Administrator to give proper security before letters stamped under section 19E (ধারা ১৯ই অনুসারে পরিচালনাধিকার পত্র স্ট্যাম্পযুক্ত করিবার পূর্বেই পরিচালক কর্তৃক পর্যাপ্ত জামানত প্রদান) | ৬০ |
| 19G | Executors, etc., not paying full court-fee on probates, etc., within six months after discovery of under-payment (নিম্ন কোর্ট ফিস প্রদানের বিষয় আবিস্কারের ছয় মাসের মধ্যে এক্সিকিউটর ইত্যাদি, কর্তৃক প্রবেট, ইত্যাদির পূর্ণ কোর্ট ফিস প্রদান না করা সংক্রান্ত) | ৬০ |
| 19H | Notice of applications for probate or letters of administration to be given to Revenue-authorities, and procedure thereon (রাজস্ব কর্তৃপক্ষের প্রতি প্রবেট বা পরিচালনাধিকার পত্রের আবেদনের নোটিশ প্রদান করিতে হইবে এবং উহার কার্যপদ্ধতি) | ৬০ |
| 19.I | Payment of court-fees in respect of probates and letters of administration (প্রবেট এবং পরিচালনাধিকার পত্রে কোর্ট ফি প্রদান) | ৬৪ |
| 19J | Recovery of penalties, etc. (জরিমানা, ইত্যাদি আদায়) | ৬৬ |
| 19K. | Section 6 and 28 not to apply to probates or letters of administration (প্রবেট বা পরিচালনাধিকার পত্রের ক্ষেত্রে ৬ এবং ২৮ ধারা প্রযোজ্য হইবে না) | ৬৬ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **CHAPTER IV**<br>**PROCESS-FEES (পরোয়ানা ফিস)** | |
| 20. | Rules as to costs of processes (পরোয়ানা জারির খরচ সংক্রান্ত বিধি) | ৬৮ |
| 21 | Tables of process-fees (পরোয়ানা ফিসের তালিকা) | ৭০ |
| 22 | Number of peons in District and subordinate Courts (জেলা এবং অধীনস্থ আদালতে পিয়নদের সংখ্যা) | ৭০ |
| 23 | Number of peons in Revenue Courts (রাজস্ব আদালতের পিয়নদের সংখ্যা) | ৭০ |
| 24 | Repealed | ৭০ |
| | **CHAPTER V**<br>**OF THE MODE OF LEVYING FEES (ফিস আরোপ পদ্ধতি)** | |
| 25 | Collection of Fees by stamps or through electronically or digitally, etc (স্ট্যাম্প দ্বারা অথবা বৈদ্যুতিক উপায়ে অথবা ডিজিটালভাবে, ইত্যাদি ফিস আদায়করণ) | ৭২ |
| 26 | Stamps to be impressed or adhesive (স্ট্যাম্প ছাপাযুক্ত বা আঠালো হইতে হইবে) | ৭২ |
| 27 | Rules for supply, number, renewal and keeping accounts of stamps (স্ট্যাম্প সরবরাহ, সংখ্যা নবায়ন এবং উহার হিসাব রক্ষণাবেক্ষণ সম্পর্কিত বিধি) | ৭৪ |
| 28 | Stamping documents inadvertently received (অসাবধানতাবশত) | ৭৪ |
| 29 | Amended document (সংশোধিত দলিল) | ৭৬ |
| 30 | Cancellation of stamp (স্ট্যাম্প বাতিলকরণ) | ৭৬ |
| | **CHAPTER VI**<br>**MISCELLANEOUS (বিবিধ)** | |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| 31 | Repealed | ৭৮ |
| 32 | Repealed | ৭৮ |
| 33 | Administration in criminal cases of documents for which proper fee has not been (সঠিক ফিস প্রদান না করা সত্বেও ফৌজদারী মামলায় এইরূপ দলিল গ্রহণ) | ৭৮ |
| 34 | Sale of stamps (স্ট্যাম্প বিক্রয়) | ৭৮ |
| 34A | Enlargement of time (সময় বৃদ্ধিকরণ) | ৮০ |
| 35 | Power to suspend, reduce or remit fees (ফিস স্থগিত,হ্রাস বা মওকুফের ক্ষমতা) | ৮০ |
| 35A | Variation of rates (হারের তারতম্য) | ৮১ |
| 36 | Saving of fees to certain officers of the High Court Division (হাইকোর্ট বিভাগের কতিপয় অফিসার কর্তৃক ফিস গ্রহণে ব্যতিক্রম) | ৮৩ |
| 37 | Mode of refund (ফেরত প্রদানের পদ্ধতি) | ৮৩ |
| | **SCHEDULE I A**<br>***Ad valorem fees*** *(মূল্যানুসারে প্রদত্ত ফি)* | ৮৪ |
| | B. TABLE OF RATES OF ADVALOREM FEES LEVIABLE ON THE INSTITUTION OF SUITS (মামলা রুজুকালীন আরোপযোগ্য মূল্যানুসারে ফিস এর তালিকা) | ১১৪ |
| | **SCHEDULE II**<br>**FIXED FEES** (নির্দিষ্ট ফিস) | ১১৭ |
| | কোর্ট ফিস আইনের ধারা মোতাবেক রুলিং | ১৩৪ |
| | **The Suits Valuation Act, 1887**<br>**মোকদ্দমা মূল্যায়ন আইন, ১৮৮৭** | |
| 1. | Title (শিরোনাম) | ১৮৮ |
| | **PART I**<br>**SUITS RELATING TO LAND** (ভূমি সম্পর্কিত মোকদ্দমাসমূহ) | |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| 2 | Extent and commencement of Part I (প্রথম অংশের প্রয়োগ ক্ষেত্র ও প্রবর্তন) | ১৮৮ |
| 3 | Power for Government to make rules determining value of land for jurisdictional purposes (এখতিয়ারের উদ্দেশ্যে ভূমির মূল্যমান নির্ধারণ করিবার জন্য সরকারের বিধি প্রণয়নের ক্ষমতা) | ১৮৮ |
| 4 | Valuation of relief in certain suits relating to land not to exceed the value of the land (ভূমি সম্পর্কিত কতিপয় মোকদ্দমায় প্রতিকারের মূল্য ভূমি মূল্যের অধিক হইবে না) | ১৯১ |
| 5 | Making and enforcement of rules (বিধি প্রণয়ন ও প্রয়োগ) | ১৯১ |
| 6 | **Repealed** | ১৯১ |
| | **PART II**<br>**OTHER SUITS (অন্যান্য মোকদ্দমাসমূহ)** | |
| 7 | Extent and commencement of Part II (দ্বিতীয় অংশের প্রয়োগ ও প্রবর্তন) | ১৯১ |
| 8 | Court-fee value and jurisdictional value to be the same in certain suits (কতিপয় মোকদ্দমার কোর্ট ফি সম্পর্কিত মূল্য এবং এখতিয়ার সম্পর্কিত মূল্য একই হইবে) | ১৯১ |
| 9 | Determination of value of certain suits by Supreme Court (সুপ্রিম কোর্ট কর্তৃক কতিপয় মোকদ্দমার মূল্য নির্ধারণ) | ১৯৩ |
| 10 | Repealed (বাতিলকৃত) | ১৯৩ |
| | **PART III**<br>**SUPPLEMENTAL PROVISIONS** (সম্পূরক বিধান) | |
| 11 | Procedure where objection is taken on appeal or revision that a suit or appeal was not properly valued for jurisdictional purposes (যেইক্ষেত্রে আপিল বা রিভিশনে এই মর্মে অভিযোগ গৃহীত হয় যে, মোকদ্দমা কিংবা আপিল এখতিয়ারের উদ্দেশ্যে সঠিকভাবে মূল্যায়িত হয় নাই, সেইক্ষেত্রে পদ্ধতি) | ১৯৩ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| 12 | Proceedings pending at commencement of Part I or Part II (প্রথম ভাগ কিংবা দ্বিতীয় ভাগ প্রবর্তনের সময় বিচারাধীন মোকদ্দমাসমূহ) | ১৯৭ |
| | কোর্ট ফি কি? | ১৯৮ |
| | কোর্ট ফি দুই ধরনের | ১৯৮ |
| | কোর্ট ফি নির্ধারণের সাধারণ পদ্ধতি | ১৯৮ |
| | মানি স্যুট বা অর্থঋণ মোকদ্দমার কোর্ট ফি নির্ধারণ পদ্ধতি | ১৯৯ |
| | সাকসেশন মোকদ্দমা | ১৯৯ |

# [1]The Court-fees Act, 1870

(ACT NO. VII OF 1870 )

[11th March, 1870 ]

## CHAPTER I
## PRELIMINARY

1. **Short title:** This Act may be called the Court-fees Act, 1870.

**Extent of Act-** It extends to the whole of [2][Bangladesh];

**Commencement of Act-** And it shall come into force on the first day of April, 1870.

**1A. [Omitted]** [Omitted by section 3 and 2nd Schedule of the Bangladesh Laws (Revision And Declaration) Act, 1973(Act No. VIII of 1973).]

2. **Definitions:** In this Act, unless there is anything repugnant in the subject or context,-

(1) "**Appeal**" includes a cross-objection;

(2) [Omitted by 1st Schedule of the East Pakistan Repealing and Amending Ordinance, 1962 (Ordinance No. XIII of 1962).]

(3) "**Collector**" includes any officer not below the rank of Sub-Deputy Collector appointed by the Collector to perform the functions of a Collector under this Act;

(4) "**Suit**" includes an appeal from a decree except in section 8A.

---

[1] Throughout this Act, except otherwise provided, the words "the High Court Division", "Government" and "Taka" were substituted for the words "High Court" or "a High Court" or "any of the High Court", "Provincial Government" or "appropriate Government" and "rupees" or "Rs." respectively by section 3 and 2nd Schedule of the Bangladesh Laws (Revision And Declaration) Act, 1973 (Act No. VIII of 1973).

[2] The word "Bangladesh" was substituted, for the word "Pakistan" by section 3 and 2nd Schedule of the Bangladesh Laws (Revision And Declaration) Act, 1973 (Act No. VIII of 1973).

# কোর্ট ফিস আইন, ১৮৭০

(১৮৭০ সনের ৭নং আইন)

[১১ মার্চ, ১৮৭০]

## অধ্যায়-১
## প্রারম্ভিক

ধারা ১: সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন ১৮৭০ সনের কোর্ট ফিস আইন নামে অভিহিত হইবে।

আইনটির বিস্তৃতি—ইহা সমগ্র বাংলাদেশে বিস্তৃত হইবে।

আইনের কার্যকারিতা—এবং ইহা ১৮৭০ সনের এপ্রিল মাসের প্রথম দিন হইতে কার্যকর হইবে।

১এ: বাতিল— [*১৯৭৩ সনের ৮নং আইন দ্বারা*]

ধারা ২: সংজ্ঞা।-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে এই আইনে-

(১) "আপিল" পাল্টা আপত্তিকে অন্তর্ভুক্ত করে।

(২) বিলুপ্ত [১৯৬২ সনের ২৩নং অধ্যাদেশ দ্বারা]

(৩) "কালেক্টর" বলিতে এই আইনের অধীনে কালেক্টরের কার্য করার জন্য কালেক্টর কর্তৃক নিযুক্ত কোনো অফিসার যিনি সাব-ডেপুটি কালেক্টরের নিম্ন পদে নহেন, এমন ব্যক্তিকেও অন্তর্ভুক্ত করে।

(৪) "মোকদ্দমা" বলিতে ৮ক ধারা ব্যতীত ডিক্রির বিরুদ্ধে আপিল ও অন্তর্ভুক্ত করে।

## CHAPTER II
## FEES PAYABLE IN COURTS AND IN PUBLIC OFFICES

3. **Levy of fees in the High Court Division on their original sides:** The fees payable for the time being to the clerks and officers (other than the sheriffs and attorneys) of the [3][High Court Division];

or chargeable [4][* * *] under No. 11 of the first, and Nos. 7, 12, 14, 20 and 21 of the Second Schedule to this Act annexed;

[5][* * *] shall be collected in manner hereinafter appearing.

4. **Fees on documents filed, etc., in the High Court Division in their extraordinary jurisdiction:** No document of any of the kinds specified in the first or Second Schedule to this Act annexed, as chargeable with fees, shall be filed, exhibited or recorded in, or shall be received or furnished by, the [6][High Court Division] in any case coming before such Court in the exercise of its extraordinary original civil jurisdiction; or in the exercise of its extra-ordinary original criminal jurisdiction;

---

[3] The words "High Court Division" were substituted, for the words "High Courts" by section 3 and 2nd Schedule of the Bangladesh Laws (Revision And Declaration) Act, 1973 (Act No. VIII of 1973).

[4] The words "in each of such Courts" were omitted by section 3 and 2nd Schedule of the Bangladesh Laws (Revision And Declaration) Act, 1973 (Act No. VIII of 1973).

[5] The words and comma "and the fees for the time being charitable in the Courts of Small Causes at the Presidency-towns, and their several offices" were omitted by the Schedule of the Adaptation of Central Acts and Ordinances Order, 1949.

[6] The words "High Court Division" were substituted, for the words "High Courts" by section 3 and 2nd Schedule of the Bangladesh Laws (Revision And Declaration) Act, 1973 (Act No. VIII of 1973).

## অধ্যায়-২
## আদালতে অথবা সরকারি অফিসে প্রদানযোগ্য কোর্ট ফিস

**ধারা ৩: হাইকোর্ট এবং উহার আদিম এলাকায় আদায়যোগ্য ফিস।**—হাইকোর্ট বিভাগের অফিস সহকারী এবং কর্মকর্তাকে (শেরিফ এবং অ্যাটর্নি ব্যতীত) সাময়িকভাবে প্রদানযোগ্য ফিস;

অথবা এই আইনে সংযুক্ত প্রথম তফসিলের ১১ দফা এবং দ্বিতীয় তফসিলের ৭, ১২, ১৪, ২০ এবং ২১ দফা অনুযায়ী ধার্যকৃত ফিস;

পরবর্তীতে বর্ণিত পদ্ধতিতে আদায়কৃত হইবে।

**ধারা ৪: হাইকোর্ট বিভাগের বিশেষ এখতিয়ারে দলিল পেশ ইত্যাদির ফিস।**—হাইকোর্ট বিভাগের বিশেষ আদিম দেওয়ানি এখতিয়ারে অথবা বিশেষ আদিম ফৌজদারী এখতিয়ারে ইহার সম্মুখে আগত কোনো মামলার ক্ষেত্রে এই আইনে সংযুক্ত প্রথম বা দ্বিতীয় তফসিলে বর্ণিত ধার্যযোগ্য ফিস ব্যতীত উক্ত প্রথম বা দ্বিতীয় তফসিলে বর্ণিত কোনো প্রকার দলিল দাখিল করা, প্রদর্শনী হিসাবে চিহ্নিতকরণ বা নথিভুক্ত করা, গ্রহণ কা বা উপস্থাপন করা যাইবে না।

**অথবা** উহাদের এখতিয়ারে বা উক্ত আদালতের বা কোনো ডিভিশন কোর্টের এক বা একাধিক জজের রায়ের বিরুদ্ধে আপিলের ক্ষেত্রে (আদালতের সাধারণ এখতিয়ারে প্রদত্ত রায় ব্যতীত);

**অথবা** আদালতের তত্ত্বাবধানের বিষয় সাপেক্ষে উদ্ভুত আপিল এখতিয়ার প্রয়োগের ক্ষেত্রে;

রেফারেন্স বা রিভিশন আদালত হিসাবে অথবা রেফারেন্স বা রিভিশন আদালত হিসাবে ইহার এখতিয়ার প্রয়োগের ক্ষেত্রে;

উক্ত তফসিলে নির্ধারিত হার অপেক্ষা কম কোর্ট ফিস প্রদান করা হইলে উক্ত দলিল গৃহীত হইবে না।

**ধারা ৫: ফিস এর পরিমাণ বা প্রয়োজনীয়তা সম্পর্কে মত পার্থকের ক্ষেত্রে পদ্ধতি**—হাইকোর্ট ডিভিশনে যখন কোর্ট ফিস দেখা শুনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা এবং মোকদ্দমাকারী বা অ্যাটর্নির মধ্যে এই অধ্যায়ের অধীনে প্রদেয় কোর্ট ফিস প্রদানের প্রয়োজনীয়তা বা কোর্ট ফিসের পরিমাণ সম্পর্কিত বিরোধ দেখা দেয়, তখন বিষয়টি নিস্পত্তির জন্য ট্যাক্সিং অফিসারের নিকট প্রেরণ করা হইবে, তাহার সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে তবে তাহার নিকট বিষয়টি গুরুত্বপূর্ণ বলিয়া বিবেচিত হইলে তিনি চূড়ান্ত সিদ্ধান্তের জন্য বিষয়টি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির নিকট অথবা সুপ্রিম কোর্টের এমন বিচারপতির নিকট প্রেরণ করিবেন যাহাকে প্রধান বিচারপতি সাধারণভাবে বা বিশেষভাবে এই উদ্দেশ্যে নিয়োগ করিয়াছেন।

এই ধারার প্রথম দফার উদ্দেশ্য সাধনে প্রধান বিচারপতি ট্যাক্সিং অফিসার কে হইবেন তাহা ঘোষণা দিবেন।